শেখ হাসিনার উদ্যোগ

# ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

BHOLA PALLI BIDYUT SAMITY

ISO 9001:2015 Certified

মুজিববর্ষ ১০০

সদর দপ্তর,
বাংলাবাজার, ভোলা।
E-mail: bhopbs@gmail.com
Web site: www.pbs.bhola.gov.bd

স্মারক নং-২৭.১২.০৯২৯.৫০৪.০১.০০৯.২২.৩৪১১

তারিখঃ ০৯ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
২৪ আগষ্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ / প্যানেল তৈরীর নিমিত্ত নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে (স্ব-হস্তে পূরণকৃত) নিম্নোক্ত শর্ত প্রতিপালন স্বাপেক্ষে জেনারেল ম্যানেজার, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বয়স সীমা | বেতন ও অন্যান্য ভাতা | শিক্ষাগত / প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ০১. | **সহকারী ক্যাশিয়ার** (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০২ (দুই) টি কম/ বেশী হতে পারে। | ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান এর ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। (বয়স প্রমানের জন্য এফিডেবিট গ্রহণযোগ্য নয়) এসএসসি/সমমান এর সনদপত্র বয়সের প্রমাণক হিসেবে বিবেচিত হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ এবং নিয়মানুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | **(ক)** এস.এস.সি / সমমান ও এইচ.এস.সি / সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা, জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। শিক্ষা ক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়।<br>**(খ)**প্রার্থীকে গণিতে ভাল দক্ষতাসহ কম্পিউটার এবং অফিস যন্ত্রপাতিসমূহ পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>**(ঘ)** ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং কাজে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>**(ঙ)** প্রার্থীকে অবশ্যই গ্রাহকদের সাথে ভদ্র ও আন্তরিকভাবে কাজ করার/কথা বলার গুনাবলী সম্পন্ন হতে হবে।<br>(চ) নিয়োগের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকূলে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি ডিপোজিট হিসেবে জমা দিতে হবে। যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরৎ প্রদান করা হবে। | বগুড়া, ব্রাহ্মনবাড়িয়া, চট্টগ্রাম, কুমিল্লা, ঢাকা, দিনাজপুর, ফেনী, গাইবান্ধা, গাজীপুর, হবিগঞ্জ,জামালপুর, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, মানিকগঞ্জ, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নড়াইল, নারায়নগঞ্জ, নরসিংদী, নীলফামারি, নোয়াখালী, রাজশাহী, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট, টাঙ্গাইল ও ঠাঁকুরগাঁও |

**শর্তাবলীঃ**

**০১।** উল্লেখিত পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীগণ-কে ভোলা পবিসের ওয়েবসাইট (www.pbs.bhola.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম (**ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১**) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক (পূরনযোগ্য প্রবেশপত্র সহ) স্বহস্তে যথাযথভাবে পূরণ করে **আগামী ১৩/০৯/২০২২ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **জেনারেল ম্যানেজার, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি, বাংলাবাজার, ভোলা** এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। সরাসরি কোনো আবেদনপত্র গৃহীত হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

**০২। আবেদন পত্রের সংগে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) সংযুক্ত করতে হবেঃ**

(ক) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি। (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)

(খ) সাম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত সত্যায়িত ছবি।

চলমান পাতা-০২

(গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান/মেয়র বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র।
(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) প্রথম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ছ) জেনারেল ম্যানেজার, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি, বাংলাবাজার, ভোলা এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। **(পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)**

০৩. খামের উপর অবশ্যই বড় অক্ষরে প্রার্থীর পদের নাম ও নিজ জেলার নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৪. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌছাতে হবে।

০৬. নিয়োগের ক্ষেত্রে সকল ধরনের সরকারী কোটা নীতি অনুসরণ করা হবে।নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৭. ইতিপূর্বে কোনো পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী কারো উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিস্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮. অত্র সমিতির বোর্ড পরিচালক/ মহিলা পরিচালক, কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/ স্ত্রীর রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৯. প্রার্থীকে ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির যে কোন অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১০. প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদন পত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ এবং ভুল প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে। যদি প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১১. প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোনো প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. নতুন পদসৃষ্টি, পদোন্নতি, বদলী, কর্মচারীর অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপরগতা ইত্যাদি কারণে উল্লিখিত যে কোন পদে শূণ্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১৩. চাকুরীর জন্য যেকোন ব্যক্তিগত যোগাযোগ বা সুপারিশ বা তদবির চাকুরীলাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৪. প্রাপ্ত আবেদনসমূহ প্রাথমিকভাবে বাছাই পূর্বক যোগ্য প্রার্থীদের লিখিত ও মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) পরীক্ষার তারিখ যথাসময়ে ডাকযোগে অবহিত করা হবে।

১৫. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।

১৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫.৪.২২

(মোঃ আলতাপ হোসেন)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি এবং নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ)/ মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
০৫। জেলা প্রশাসক, ভোলা।

**চলমান পাতা-০৩**

০৬। পুলিশ সুপার, ভোলা।

০৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।

০৮। একান্ত সচিব, সদস্য (পবিস ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।

০৯। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ভোলা।

১০। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------------------- পবিস-১/২/৩/৪।

১১। উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন উপজেলা।

১২। ডেপুটি জেনারেল ম্যানেজার, লালমোহন/চরফ্যাশন/পরানগঞ্জ জোনাল অফিস/সদর-কারিগরী, ভোলা পবিস।

১৩। এজিএম (এমএস/অর্থ/ইএন্ডসি/ওএন্ডএম-সদর/তজুমদ্দিন/বোরহানউদ্দিন/দঃ আইচা), ভোলা পবিস।

১৪। এজিএম (আইটি), ভোলা পবিস **(ভোলা পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।**

১৫। অফিস কপি/ মাষ্টার কপি/নোটিশ বোর্ড।

২৭.৪.২২

(মোঃ আলতাপ হোসেন)
জেনারেল ম্যানেজার

E:\AGM (Admin)-2022\Co Mina-2022\100.09 Deo Neyoug  Circuler.docx

শেখ হাসিনার উদ্যোগ

# ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর "সহকারী ক্যাশিয়ার" পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্ব-হস্তে পূরণ করতে হবে)

ISO 9001:2015 Certified

**ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১**

এখানে পাসপোর্ট সাইজের এককপি রঙিন ছবি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্টেপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

**জেনারেল ম্যানেজার**
**ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি**
**বাংলাবাজার, ভোলা।**

| | |
|---|---|
| ১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- স্মারক নং-২৭.১২.০৯২৯.৫০৪.০০১.০০৯.২২.৩৪১১ | তারিখঃ- ২৩/০৮/২০২২ খ্রিঃ |
| ২. আবেদনকৃত পদের নামঃ.................................... (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) | ৩. পদের ধরণঃ স্থায়ী ভিত্তিক। |
| ......................................................... ৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম | ......................................................... ৫. প্রকাশনার তারিখ |
| ......................................................... ৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) | ......................................................... (ইংরেজীতে বড় হাতের অক্ষরে) |
| ......................................................... ৭. জন্ম তারিখ (এস.এস.সি / সমমানের পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী) | ........../........./................(দিন/মাস/বছর) ৮. বয়স (১৩/০৯/২০২২ খ্রিঃ তারিখে) |
| ......................................................... ৯. মাতার নাম | ......................................................... ১০. পিতার নাম |
| ......................................................... ১১. ধর্ম | ......................................................... ১২. জাতীয়তা |
| ......................................................... ১৩. নিজ জেলা | ......................................................... ১৪. টেলিফোন/মোবাইল নম্বর |

১৫. বৈবাহিত অবস্থা : টিক (√) দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন):

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা

☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি ☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

| | | | |
|---|---|---|---|
| ................................ ক. গ্রাম/সড়ক/বাড়ী | ................................ খ. ডাকঘর | ................................ গ. উপজেলা/থানা | ...................... ঘ. জেলা |

F:\Abdon Fomet DEO-Driver-OH.doc

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি, বাংলাবাজার, ভোলা
তাং.................

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| | | | |
|---|---|---|---|
| ............................<br>ক. গ্রাম/সড়ক/বাড়ী | ..............................<br>খ. ডাকঘর | ..............................<br>গ. উপজেলা/থানা | ....................<br>ঘ. জেলা |

| | | |
|---|---|---|
| ----------------------------------<br>১৯. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর | ..............................................<br>২০. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য | ................................<br>২১. ইস্যুর তারিখ |

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | **জিপিএ/** সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেতে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত)ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে)ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্ব-হস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি মানতে বাধ্য থাকবো।

.................................... ..................................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

**বিঃ দ্রঃ সরকারী / আধা-সরকারী / স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

এখানে পাসপোর্ট সাইজের এককপি রঙিন ছবি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্টেপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

# ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

বাংলাবাজার, ভোলা।

**লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামুলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার**

## প্রবেশ পত্র

**(অফিস কর্তৃক পূরণীয়)**

প্রার্থীর রোল নম্বর : ----------------------------------------------------------------

পরীক্ষার তারিখ : ----------------------------------------------------------------

পরীক্ষার সময় : ----------------------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের নাম : ----------------------------------------------------------------

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর : ---------------------

**(প্রার্থী কর্তৃক পূরণীয়)**

পদের নাম : ----------------------------------------------------------------

প্রার্থীর নাম : ----------------------------------------------------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক :----------------------------------------

--------------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------------

F:\Abdon Fomet DEO-Driver-OH.doc

# প্রার্থী / আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলীঃ

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনেরো) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০ (ত্রিশ) মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারনে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ, মুঠোফোন এবং ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষা হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবেনা।

০৫। চাকুরীর আবেদনপত্রের সাথে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরন করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। লিখিত / মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না।

০৯। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।

---------------------------

